দৈনিক ইত্তেফাক 2

তারিখ 20 JUN 1997
পৃষ্ঠা: ৬ কলাম 8

বৃহত্তর ফরিদপুরের চিত্র

# ৬০৩টি স্কুলের মধ্যে ৪৪৫টিতে কোন গ্রন্থাগার নাই

মাদারীপুর সংবাদদাতা ।। বৃহত্তর ফরিদপুরের ৫টি জেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগার নাই। পূর্বে কোন কোন বিদ্যালয়ে গ্রন্থাগার স্থাপিত হইলেও সংরক্ষণের উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে ঐগুলি ধ্বংসের মুখে আসিয়া দাঁড়াইয়াছে।

এক সরকারী হিসাবে (১৯৯৫

(৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## বৃহত্তর ফরিদপুরের

(৩য় পৃঃ পর)

পর্যন্ত) দেখা যায়, বৃহত্তর ফরিদপুর জেলায় মোট ৬ শত ৩টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় রহিয়াছে। তন্মধ্যে ১৮টি সরকারী, ৪৪১টি বেসরকারী ও ১৪৪টি জুনিয়র হাইস্কুল আছে। এই সকল বিদ্যালয়ের প্রায় ৪৪৫ টিতে কোন গ্রন্থাগার নাই। আর অবশিষ্ট বিদ্যালয়গুলিতে নামমাত্র গ্রন্থাগার থাকিলেও অর্থাভাবে তাহা বন্ধ হওয়ার উপক্রম দেখা দিয়াছে। ইতিমধ্যে বহু পুরাতন ও ঐতিহ্যবাহী মাধ্যমিক বিদ্যালয়ের পাঠাগার বিলুপ্ত হইয়া গিয়াছে। ১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় প্রায় ২৩৬ টি বিদ্যালয়ের লাইব্রেরী ও পুস্তকাদি বিনষ্ট হয়। ঐগুলি আর পুনঃ স্থাপিত হয় নাই। জেলা সদর ও থানা সদরের কয়েকটি বিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক বই থাকিলেও কোন লাইব্রেরীয়ান নাই।